

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর
ই-২৪, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.bmd.gov.bd

নম্বর: ২৩.০৯.২৬৮০.১৭২.৪৩.০০১.২৫.১৬২৮

তারিখ: ১৮ জ্যৈষ্ঠ ১৪৩৩
০১ জুন ২০২৬

বিষয়: জুন ২০২৬ এর দীর্ঘমেয়াদি আবহাওয়ার পূর্বাভাস।

দীর্ঘমেয়াদি আবহাওয়ার পূর্বাভাস প্রদানের নিমিত্ত বিশেষজ্ঞ কমিটির নিয়মিত সভা ০১ জুন ২০২৬ দুপুর ০২.০০ ঘটিকায় ঝড় সতর্কীকরণ কেন্দ্র, ঢাকায় অনুষ্ঠিত হয়। উক্ত সভায় মে ২০২৬ খ্রিঃ মাসের আবহাওয়ার বিভিন্ন তথ্য ও উপাত্ত পর্যালোচিত হয়। পর্যালোচনাকালে পরিলক্ষিত হয় যে, মে ২০২৬ মাসে বাংলাদেশে গড় বৃষ্টিপাতের পরিমাণ ও দিন সংখ্যা নিম্নরূপ ছিল:


| বিভাগ/দেশ | স্বাভাবিক বৃষ্টিপাত (মি:মি:) | রেকর্ডকৃত গড় বৃষ্টিপাত (মি:মি:) | বৃষ্টিপাতের পরিমাণের বিচ্যুতি (%) | স্বাভাবিক বৃষ্টিপাতের দিন সংখ্যা | রেকর্ডকৃত বৃষ্টিপাতের দিন সংখ্যা |
|-----------|---------------------------------|-------------------------------------|---|-------------------------------------|--|
| ঢাকা | ২৬১ | ৩০২ | +১৬.১% | ১৮ | ১৬ |
| ময়মনসিংহ | ৩৫০ | ৫২৬ | +৫০.৩% | ২০ | ২০ |
| চট্টগ্রাম | ৩৪১ | ২৬৯ | -২১.১% | ১৭ | ১৪ |
| সিলেট | ৫২৯ | ৭১৩ | +৩৪.৯% | ২৪ | ২৩ |
| রাজশাহী | ১৮৫ | ২৩৭ | +২৮.২% | ১৬ | ১৫ |
| রংপুর | ২৬৮ | ৫১৩ | +৯৮.৭% | ১৭ | ১৯ |
| খুলনা | ১৭৬ | ১২৩ | -৩০.১% | ১৫ | ১১ |
| বরিশাল | ২৩৫ | ১২৯ | -৪৫.৩% | ১৭ | ১৩ |
| সারাদেশ | ২৬৯ | ২৮৯ | +৭.৪% | ১৮ | ১৬ |

মে ২০২৬ মাসে সারাদেশে স্বাভাবিক (+৭.৪%) বৃষ্টিপাত রেকর্ড করা হয়। চট্টগ্রাম, খুলনা ও বরিশাল বিভাগে স্বাভাবিক অপেক্ষা কম বৃষ্টিপাত এবং বাকী বিভাগসমূহে স্বাভাবিক অপেক্ষা বেশি বৃষ্টিপাত রেকর্ড করা হয়। ১১ মে ২০২৬ শ্রীলংকা উপকূলের অদূরে দক্ষিণপশ্চিম বঙ্গোপসাগর এবং তৎসংলগ্ন এলাকায় একটি লঘুচাপ তৈরি হয়। ১৪ মে ২০২৬ এটি ঘনীভূত হয়ে দক্ষিণপশ্চিম বঙ্গোপসাগর এবং তৎসংলগ্ন পশ্চিম-মধ্য বঙ্গোপসাগর এলাকায় সুস্পষ্ট লঘুচাপে পরিণত হয়। একই এলাকায় ১৭ মে ২০২৬ এটি দুর্বল হয়ে লঘুচাপ এবং গুরুত্বহীন হয়ে পড়ে। পশ্চিমা লঘুচাপের সাথে পূর্ববর্তী বায়ুপ্রবাহের সংযোগ ঘটায় ১-৪, ৬, ১০-১৩, ১৭-১৮ ও ২৩-২৮ মে ২০২৬ সময়ে দেশের অধিকাংশ স্থানে মাঝারী ধরনের ভারী থেকে অতি ভারী বৃষ্টিপাত এবং মাসের অনেক দিন দেশের অনেক স্থানে হালকা থেকে মাঝারী ধরনের বৃষ্টিপাত রেকর্ড করা হয়। সেই সাথে বজ্রপাত ও বিক্ষিপ্তভাবে শিলাবৃষ্টিসহ দমকা ও ঝড়ে হাওয়া বয়ে যায়। এ সময় সর্বোচ্চ বৃষ্টিপাত ১৪৪ মি.মি. দিনাজপুরে রেকর্ড (১৩ মে ২০২৬) করা হয়। ভারতের পশ্চিমবঙ্গ ও তৎসংলগ্ন বাংলাদেশের পশ্চিমাঞ্চলীয় এলাকায় তাপীয় লঘুচাপ অবস্থান করায় দেশের অনেক অঞ্চলের উপর দিয়ে ১৬-২৬ ও ২৯-৩১ মে ২০২৬ মৃদু তাপপ্রবাহ বয়ে যায়। মে মাসে দেশের সর্বোচ্চ তাপমাত্রা ৩৮.০°সে. (চুয়াডাঙ্গা, ১৮ মে ২০২৬) এবং সর্বনিম্ন তাপমাত্রা ১৮.৪°সে. (সিলেট ৩ মে ২০২৬) রেকর্ড করা হয়। এ মাসে দেশের সর্বোচ্চ, সর্বনিম্ন ও গড় তাপমাত্রা স্বাভাবিক অপেক্ষা যথাক্রমে ০.৩°সে., ০.৫°সে. ও ০.৪°সে. কম ছিল। বৃষ্টিপাত, তাপমাত্রা, তাপপ্রবাহ, কালবৈশাখি/বজ্রঝড়, কৃষি আবহাওয়া এবং দেশের নদ-নদীর অবস্থা মে ২০২৬ মাসের পূর্বাভাসের সাথে সংগতিপূর্ণ ছিল।

বিশ্ব আবহাওয়া সংস্থা অনুমোদিত Global Producing Centre (GPCs), ECMWF, JMA, NOAA, IRI-Columbia University, APEC Climate Centre (APCC), RIMES এবং C3S থেকে প্রাপ্ত মডেল পূর্বাভাস, আবহাওয়া উপাত্ত, উর্ধ্বাকাশের আবহাওয়া বিন্যাস, বায়ুমন্ডলের বিভিন্ন স্তরের বিশ্লেষিত আবহাওয়া মানচিত্র, জলবায়ু মডেল, SOI (এল-নিনো/লা-নিনা'র অবস্থা) ইত্যাদির যথাযথ বিশ্লেষণ পূর্বক কমিটি কর্তৃক জুন ২০২৬ এর পূর্বাভাস নিম্নে প্রদত্ত হলো:

| বিভাগ | স্বাভাবিক বৃষ্টিপাত (মিঃমিঃ) | পূর্বাভাস বৃষ্টিপাতের পরিমাণ (মিঃমিঃ) | স্বাভাবিক বৃষ্টিপাতের দিন সংখ্যা | পূর্বাভাস বৃষ্টিপাতের দিন সংখ্যা | জুন ২০২৬ মাসে মাটির আর্দ্রতা (%) |
|-----------|---------------------------------|--|-------------------------------------|-------------------------------------|-------------------------------------|
| ঢাকা | ৩৩৫ | ৩৩০-৩৫০ | ১৮ | ১৭-১৮ | ২০-৩০ |
| ময়মনসিংহ | ৪৪৭ | ৪২০-৪৫০ | ২০ | ১৯-২০ | ২৫-৩৫ |
| চট্টগ্রাম | ৬১৩ | ৬০০-৬৩০ | ২০ | ১৮-২১ | ১৮-২৮ |
| সিলেট | ৬১৯ | ৬০০-৬৩০ | ২৪ | ২৩-২৫ | ২৫-৩৫ |
| রাজশাহী | ২৮১ | ২৭০-২৯০ | ১৫ | ১৩-১৬ | ১৫-২৫ |
| রংপুর | ৪১৮ | ৪০০-৪২০ | ১৭ | ১৫-১৭ | ১৮-২৮ |
| খুলনা | ২৯৬ | ২৮০-৩০০ | ১৫ | ১৩-১৬ | ১৫-২৫ |
| বরিশাল | ৪৬৫ | ৪২০-৪৭০ | ১৮ | ১৬-১৮ | ১৫-২৫ |

১. বৃষ্টিপাত: জুন ২০২৬ মাসে দেশে স্বাভাবিক অপেক্ষা কম বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে।
২. নিম্নচাপ: বঙ্গোপসাগরে ১-২টি লঘুচাপ সৃষ্টি হতে পারে যার মধ্যে একটি মৌসুমী নিম্নচাপে পরিণত হতে পারে।
৩. মৌসুমী বায়ু: জুন মাসের প্রথমার্ধে সারাদেশে দক্ষিণ-পশ্চিম মৌসুমী বায়ু (বর্ষাকাল) বিস্তার লাভ করতে পারে।
৪. বজ্রঝড়: এ মাসে দেশে ৫-৭ দিন হালকা থেকে মাঝারি ধরনের বজ্রঝড় হতে পারে।
৫. তাপমাত্রা: এ মাসে দিন এবং রাতের তাপমাত্রা স্বাভাবিক অপেক্ষা বেশি থাকতে পারে।
৬. তাপপ্রবাহ: এ মাসে দেশে ২-৩ টি বিচ্ছিন্নভাবে মৃদু (৩৬-৩৭.৯°সে.) থেকে মাঝারি (৩৮-৩৯.৯° সে.) ধরনের তাপ প্রবাহ বয়ে যেতে পারে।
৭. নদ-নদীর অবস্থা: জুন মাসে দেশের প্রধান নদ-নদীসমূহের স্বাভাবিক প্রবাহ বিরাজমান থাকতে পারে। তবে বিচ্ছিন্ন ভারি বৃষ্টিপাতের প্রেক্ষিতে দেশের উত্তরাঞ্চল, উত্তর-পূর্বাঞ্চল ও দক্ষিণ-পূর্বাঞ্চলের নদী সমূহের পানি সমতল সময় বিশেষে বৃদ্ধি পেতে পারে।
৮. কৃষি আবহাওয়া: মে মাসে দেশের দৈনিক গড় বাষ্পীভবন ৩.৫-৫.৫ মি:মি: এবং গড় সূর্য কিরণকাল ৬.০-৮.০ ঘন্টা থাকতে পারে।



(মোঃ মমিনুল ইসলাম)
পরিচালক (চলতি দায়িত্ব)
ও
চেয়ারম্যান, বিশেষজ্ঞ কমিটি

মাননীয় মন্ত্রী

কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

ইমেইল: minister@moa.gov.bd

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মাননীয় মন্ত্রী, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, info@modmr.gov.bd
২. মন্ত্রী পরিষদ সচিব, মন্ত্রী পরিষদ বিভাগ, cab_secy@cabinet.gov.bd
৩. মুখ্য সচিব, প্রধান মন্ত্রীর কার্যালয়, psecy@pmo.gov.bd
৪. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, secretary@mopa.gov.bd
৫. সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, secretary@mowr.gov.bd
৬. সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, secy@mincom.gov.bd
৭. সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়, secretary@mod.gov.bd
৮. সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, secretary@modmr.gov.bd
৯. সচিব, কৃষি মন্ত্রণালয়, secretary@moa.gov.bd
১০. সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, secretary@mofood.gov.bd